দৈনিক বাংলা

তারিখ ... 09 MAR 1991 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২ ...

# টাকার অভাবে ইসলামী বিশ্ববিদ্যালয়ের কাজ বন্ধ

(সংবাদদাতা)

কুষ্টিয়া, ৭ই মার্চ। – ইসলামী বিশ্ববিদ্যালয়ের নির্মাণ কাজ অর্থাভাবে প্রায় ৬ মাস বন্ধ রয়েছে। কুষ্টিয়া ও ঝিনাইদহ জেলার শান্তিডাঙ্গা দুলালপুরে দেশের একমাত্র ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রথম পর্যায়ের নির্মাণ কাজ সময় মতো শেষ হচ্ছে না।

ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রথম পর্যায়ের নির্মাণ কাজ স্থাপত্য বিভাগ কর্তৃক মহাপরিকল্পনা অনুযায়ী ১৬ কোটি ২৫ লাখ ৫১ হাজার টাকার প্রকল্প হাতে নেয়া হয়। এর মধ্যেই গত অর্থ বছরে গণপূর্ত অধিদফতর কর্তৃক মাত্র ৩ কোটি টাকা নির্মাণ কাজের জন্য দেয়া হয়। অথচ চলতি অর্থ বছরে (১৯৯০-৯১) প্রয়োজনীয় অর্থ বরাদ্দ এখনও দেয়া হয়নি। এই অর্থ বছরে ১০ কোটি টাকা প্রয়োজন। ফলশ্রুতিতে ঠিকাদারগণ নির্মাণের কাজ প্রায় ৬ মাস হলো বন্ধ করে দিতে বাধ্য হয়েছেন। নির্মাণ কাজের ২ কোটি টাকা ঠিকাদারগণ এখনও পায়নি।

প্রথম পর্যায়ে উল্লেখযোগ্য কাজের মধ্যে রয়েছে ১ হাজার ৮০ জনের বাসোপযোগী ২টি ছাত্রাবাস। প্রশাসনিক ভবন, ১টি একাডেমিক ভবন, শিক্ষক-কর্মকর্তাদের বাসস্থানের জন্যে মোট ২০টি বাসা নির্মাণ করা হবে। ৫শ কেভিএ বৈদ্যুতিক উপকেন্দ্র, গভীর নলকূপসহ পাম্প হাউস, বৈদ্যুতিক বিতরণ লাইন ও ১টি পুকুরের কাজ সম্পন্ন করার পর তা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে।

বাকী কাজ অর্থাভাবে সমাপ্ত করা যাচ্ছে না। জরুরী ভিত্তিতে ৩ কোটি টাকার বরাদ্দ প্রয়োজন বলে সংশ্লিষ্ট সূত্র জানায়। নতুবা সময়মত নির্মাণ কাজ সমাপ্ত করা সম্ভব নয়।